

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১২০

ا كِتَابُ الْجَنَائِز وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) ১٥. किठातूल जानारेय এবং जानायात পूर्वाপत সংশ্লিষ্ট বিষয় পরিচ্ছেদঃ কবরবাসীকে দিনে দুইবার তার ঠিকানা তার সামনে পেশ করা হয়, যেখানে সে বসবাস করবে মর্মে বর্ণনা ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ أَهْلَ الْقُبُورِ تُعرض عَلَيْهِمْ مَقَاعِدُهُمُ الَّتِي يَسْكُنُونَهَا فِي كُلِّ يَوْمِ مَرَّتَيْنِ

## আরবী

3120 \_ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْن سِنَانِ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرِ عَنْ مَالِكِ عَنْ نَافِع عَن ابْن عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ أَحَدَكُمْ إِذَا مَاتَ عُرِضَ عَلَيْهِ مَقْعَدُهُ بِالْغَدَاةِ وَالْعَشِيّ إِنْ كَانَ مِنْ أَهْلِ الْجَنَّةِ فَمَنْ أَهْلِ الْجَنَّةِ وَإِنْ كَانَ مِنْ أَهْلِ النَّارِ فَمَنْ أَهْلِ النَّارِ يُقَالُ: هَذَا مَقْعَدُكَ حَتَّى يبعثك الله إليه يوم القيامة) الراوي: ابْن عُمَرَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3120 | خلاصة حكم المحدث: صحيح - ((الروض)) (495): ق.

## বাংলা

৩১২০. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "নিশ্চয়ই যখন তোমাদের কেউ মারা যায়, তখন সকাল-বিকাল তার সামনে তার বাসস্থান পেশ করা হয়। যদি সে ব্যক্তি জান্নাতী হয়ে থাকে, তবে তাকে জান্নাতে তার ঠিকানা দেখানো হয় আর যদি সে জাহান্নামী হয়ে থাকে, তবে তাকে জাহান্নামে তার ঠিকানা দেখানো হয়। তাকে বলা হয়, "কিয়ামতের দিন আল্লাহু তোমাকে পুনরুখিত না করা পর্যন্ত এটাই তোমার বাসস্থান ।"[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/২৩৯; মুসনাদ আহমাদ: ২/১১৩; সহীহুল বুখারী: ১৩৭৯; সহীহু মুসলিম: ২৮৬৬; নাসাঈ: ৪/১০৭-১০৮; বাগাবী: ১৫২৪; তিরমিযী: ১০৭২; ইবনু মাজাহ: ৪২৭০; আত তায়ালিসী: ১৮৩২; ইমাম বাইহাকী, ইসবাতু আযাবিল কবর: ৪৯।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওয: ৪৯৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন